

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(১৯).১৭- ৪২৮

তারিখ: ১২.০৭.২০১৭ খ্রি:।

বিষয়: পটুয়াখালী ওয়ায়েজীয়া কামিল মাদরাসা মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) পটুয়াখালী ওয়ায়েজীয়া কামিল মাদরাসার স্মারক নং-ওয়াকামা/পটু/২০১৭/১৬৩

তারিখ: ১২.০৬.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, পটুয়াখালী ওয়ায়েজীয়া কামিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মো: রফিকুল ইসলাম বি.সি.এস সাধারণ শিক্ষা ক্যাডারের একজন কর্মকর্তা এবং পটুয়াখালী সরকারী কলেজ, পটুয়াখালী এর ইতিহাস বিভাগের একজন সহকারী অধ্যাপক মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি সরকারিভাবে জড়িত এবং দীর্ঘ দিন সরকারি কলেজে কাজ করা অভিজ্ঞতার আলোকে বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মো: রফিকুল ইসলাম) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: রফিকুল ইসলাম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, পটুয়াখালী ওয়ায়েজীয়া কামিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: রফিকুল ইসলাম, সহকারী অধ্যাপক পটুয়াখালী সরকারী কলেজ, পটুয়াখালী -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

12.07.17

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

পটুয়াখালী ওয়ায়েজীয়া কামিল মাদরাসা, ডাক: পটুয়াখালী, উপজেলা-পটুয়াখালী সদর, জেলা-পটুয়াখালী।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. অধ্যক্ষ, পটুয়াখালী সরকারী কলেজ, পটুয়াখালী।

৪. সভাপতি, পটুয়াখালী ওয়ায়েজীয়া কামিল মাদরাসা, ডাক: পটুয়াখালী, উপজেলা-পটুয়াখালী সদর, জেলা-পটুয়াখালী।

৫. জনাব মো: রফিকুল ইসলাম, সহকারী অধ্যাপক পটুয়াখালী সরকারী কলেজ, পটুয়াখালী।

৬. অফিস কপি।